গাংনীতে বড় সতীনের গালিতেই ছোট সতীনের বিষপান

সতীনের গালি সইতে না পেরে বিষপান করে আত্মহত্যার ব্যার্থ চেষ্টা চালিয়েছেন মেঘনা খাতুন (২২) নামের এক গৃহবধু।
মেঘনা খাতুন পার্শ্ববর্তি দৌলতপুর উপজেলার খলিশাকুন্ডি গ্রামের মন্ডলপাড়া এলাকার ফার্নিচার মিস্ত্রি মোস্তাক হোসেনের দ্বিতীয় স্ত্রী।

তারা স্বামী স্ত্রী গাংনীর মালশাদহ গ্রামে একটি ভাড়া বাসাতে থাকতেন। শুক্রবার বেলা ১২ টার সময় মালশাদহ গ্রামের ভাড়া বাসাতেই বিষপান করে সে। বর্তমানে মেঘনা খাতুন গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন রয়েছেন।

মেঘনা খাতুন জানান, আমার পূর্বের স্বামী প্রবাসে থাকেন। তার ঘরের একটি মেয়ে সহ এসে মোস্তাকের সাথে বিয়ে করেছি। মোস্তাকের প্রথম স্ত্রী গ্রামের বাড়ি খলিশাকুন্ডিতে থাকেন।

শুক্রবার আমরা দুজনেই খলিশাকুন্ডিতে গেলে আমার সতীন আমাকে অশ্রাব্য ভাষায় গালাগাল করেন। আমার স্বামী সামনে থাকলেও তাকে বারণ করেনি। তাই আমি আত্মহত্যা করতে চেয়েছি।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগে কর্মরত উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার চিকিৎসক মখলেচুর রহমান জানান, বর্তমানে আশংকাসুক্ত। হাসপাতালে ভর্তি করে রাখা হয়েছে।

গাঁড়াডোবে একই পরিবারের চার সহোদরকে কুপিয়ে রক্তাক্ত জখম

পূর্ব শত্রুতার জের ধরে চার সহদোর ভাইকে দেশীয় তৈরী ধারালো অস্ত্র ও লাঠি শোঠা দিয়ে কুপিয়ে জখম করেছে প্রতিপক্ষরা। রোজা থেকে ইফতারি করার প্রস্তুতিকালে বাড়িতে এসে হামলা চালিয়ে

নির্বিঘ্নে তারা চলে যায়।

আহতদেরকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। শুক্রবার ইফতারীর পূর্ব মূহূর্তে গাংনী উপজেলার গাঁড়াডোব পুকুর পাড়া এলাকায় এ হামলার ঘটনা ঘটে।

আহতদের মধ্যে আসাদুজ্জামান ওরফে বিষু (৪০) ও মফিজ রানা (৪৫) গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। হৃদয় হোসেন
(২২) ও মেহেদী হাসান (৩৫) প্রাথমিকভাবে চিকিৎসা নিয়েছেন।

মফিজ রানার মাথায় ২০ ও আসাদুজ্জামানের মাথায় ১২ টি সেলাই হয়েছে বলে জানিয়েছেন গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগে কর্মরত উপসহকারী কমিউনিটি মেডিকেল অফসির মখলেছুর রহমান।

হামলাকারিরা হলেন, একই গ্রামের প্রভাবশালী বাবলু হোসেন তার ছেলে আছিরুল ইসলাম, আত্তারুল ইসলাম ও আনছার আলীসহ তাদের লোকজন।

আহতদের বাবা রেজাউল হক জানান, কয়েক বছর আগে বাবলু হোসেনের সাথে বাড়ির পথকে কেন্দ্র করে একটি গন্ডগোল হয়েছিলো। সে ঘটনার জের ধরে আমার কলেজ পড়ুয়া ছেলে হৃদয় হোসেন গ্রামের একটি মাচালে বসে ছিলো।

বাবলু হোসেনর ছেলে আছিরুল এসে আমার ছেলে হৃদয়ের শার্টের কলার ধরে চড় থাপ্পড় মারে। আমরা আমাদের ছেলে হৃদয়কে নিয়ে বাড়ি ফিরে আসি।

কিছুক্ষণের মধ্যেই বিশ থেকে পচিশ জন সস্বস্ত্র লোকজন অমাদের বাড়ির উপর এসে সবাইকে মারপিট করে। এসময় আমরা ঠেকাতে গেলে তারা ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে ফেলে রেখে পালিয়ে যায়।

এঘটনায় ওই সব লোকজনকে আসামী করে গাংনী থানায় একটি অভিযোগ দেয়া হয়েছে। অভিযোগের প্রেক্ষিতে গাংনী থানার উপপরিদর্শক (এসআই) আতিক আহতদের দেখতে হাসপাতালে যান। পরে তদন্তের জন্য ঘটনাস্থলে পৌছান।

‘আমরা ৮৫ মেহেরপুর’ সংগঠনের প্রয়াত সদস্যদের স্মরণে দোয়া ও ইফতার মাহফিল

‘আমরা ৮৫ মেহেরপুর’ এর প্রয়াত সদস্যদের স্মরণে দোয়া ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার হোটেল বাজাস্থ ‘আমরা ৮৫ মেহেরপুর’ সংগঠনের অফিসে দোয়া ও ইফতার মাহফিলের আয়োজন করা হয়।

সংগঠনের সহ সভাপতি মফিজুল ইসলাম এর সভাপতিত্বে দোয়া ও ইফতার মাহফিল অনুষ্ঠানে বক্তব্য রাখেন সাধারণ সম্পাদক সামসুল আযম লিন্টু, উপদেষ্টা ডা জে পি আগরওয়ালা, তারিকুল ইসলাম খান, কোষাধ্যক্ষ মাহবুবুল হক মন্টু, সদস্য মাসুদ রেজা, আশিকুজ্জাম সবুজ, আব্দুর রাজ্জাক, তুষার, লোটন, সেন্টু প্রমূখ।

অনুষ্ঠানের শুরুতে প্রয়াত সদস্যের স্মরণে দাঁড়িয়ে এক মিনিট নীরবতা পালন করা হয় এবং শেষে তাদের আত্মার মাগফেরাত কামনায় মোনাজাত করা হয়। মোনাজাত করেন সদস্য ফকরুল ইসলাম।

ঝিনাইদহে নিম্নমানের ইট দিয়ে পৌরসভার সড়ক সংস্কার

ঝিনাইদহে নিম্নমানের ইট দিয়ে পৌরসভার সড়ক সংস্কারের অভিযোগ উঠেছে পৌর কর্তৃপক্ষের বিরুদ্ধে। শুক্রবার সকালে শহরের উজির আলী স্কুলের পাশের সড়ক সংস্কার শুরু করে পৌর কর্তৃপক্ষ। এসময় স্থানীয়দের বাঁধার মুখে সেখান থেকে সটকে পড়ে প্রকৌশলীসহ সংস্কারে নিয়োজিতরা।

স্থানীয়রা জানায়, পৌরসভার উজির আলী স্কুল থেকে কলাবাগান পর্যন্ত সড়কটি দীর্ঘদিন ধরে একজন ঠিকাদার কাজ না করে ফেলে রেখে গেছে। সড়কটির কারনে ভোগান্তীতে পড়তে হচ্ছে স্থানীয় বাসিন্দাদের।

কয়েকদিন আগে এলাকার বাসিন্দারা সড়কটি সংস্কারের জন্য পৌরসভায় স্মারকলিপি দেয়। সেসময় পৌরসভা কর্তৃপক্ষ সড়কে ভোগান্তী কমাতে ব্যবস্থা নেওয়ার আশ্বাস দেয়।

শুক্রবার সকালে ছুটির দিনে ওই সড়কের ৫০০ মিটার কাজ শুরু করে পৌরসভা কর্তৃপক্ষ। নিজস্ব ব্যবস্থাপনায় পৌরসভার প্রকৌশলী আক্তারুজ্জামান কাজল ও একজন উপ-সহকারী প্রকৌশলী সেখানে দাড়িয়ে কাজ তদারকি করছিলেন।

কাজ শুরু থেকে নিম্ন মানের ইট দিয়ে কাজ করাচ্ছিলেন তারা। স্থানীয়দের ভাষায় পোড়ামাটি বা রাবিশ দিয়ে কাজ করাচ্ছিলেন তারা। বিষয়টি টের পেয়ে স্থানীয়রা সেই কাজে বাঁধা দেয়। খবর পেয়ে গণমাধ্যম কর্মীরা সেখানে গেলে কৌশলে সেখান থেকে সটকে পড়ে প্রকৌশলী।

কলাবাগান এলাকার বাসিন্দা লিটু বলেন, দীর্ঘদিন ধরে এই রাস্তা খারাপ ছিল। একুন আবার কাজ শুরু হচ্ছে। একেবারেই নিম্ন মানের ইট দিয়ে কাজ করছে। এইডা তো ইটই বলা চলে না। পোড়ামাটি দিয়ে কাজ করাচ্ছে।

মুরাদ হোসেন নামের এক বাসিন্দা বলেন, যে মাটি দিচেছ তার থেকে এটেল মাটি দিয়ে কাজ করালে ভালো হতো। পৌরসভার টাকা নেই ভালো কথা। এখন যা ইট দিচ্ছে তা দিয়ে কাজ করে টাকা নষ্ট করার কি দরকার। পৌরসভার কর্মকর্তারা টাকা আত্মসাৎ করার জন্য আমা ইট দিয়ে কাজ করাচ্ছে।

এ ব্যাপারে নির্বাহী প্রকৌশলী কামাল উদ্দিন বলেন, ১ নম্বর ইট দেওয়ার কথা। কিন্তু সেখানে একটু সমস্যা হয়েছে বলে কাজ আপাতত বন্ধ রেখেছি। আগামীতে ভালোমানের খোয়া দিয়ে কাজ করা হবে।

কোটচাঁদপুরে দুঃস্থ ও অসহায়

মানুষের মাঝে ঈদ সামগ্রী ও পথ শিশুদের মাঝে বস্ত্র বিতরণ

দুঃস্থ ও অসহায় মানুষের মাঝে ঈদ সামগ্রী ও পথ শিশুদের মাঝে বস্ত্র বিতরণ করেছেন তারুণ্যের আলো নামের একটি স্বেচ্ছাসেবী সংগঠন। শুক্রবার কোটচাঁদপুর পৌর শহরের বিভিন্ন এলাকায় ঘুরে ঘুরে এ সব বিতরণ করেন সংগঠনটি।

এ সময় উপস্থিত ছিলেন সংঠনের প্রতিষ্ঠাতা পরিচালক মোস্তাফিজুর রহমান হৃদয়, পরিচালক ফারজানা আনিকা, সংগঠেনর সভাপতি জুবায়ের হাসান, সাধারন সম্পাদক মারজুক মোরশেদ (পরাগ), যুগ্ন সম্পাদক জারিন তাসনিম, তৌফিকুর রহমান।

এছাড়া উপস্থিত ছিলেন সংগঠনের সহকারী পরিচালক ফাহিম শাহরিয়ার মন্ময়, শাহরিয়ার অর্নব, মাহমুদুল হাসান, রুখসানা রহমান, তাহিয়া পারভেজ, শশী এসেনিন, কামরুনাহার রিতু, রিফাত আহম্মেদ।

সংঠনের প্রতিষ্ঠাতা পরিচালক মোস্তাফিজুর রহমান হৃদয় বলেন, ২০২০ সালে করোনা কালিন সময়ে মানুষের পাশে দাড়াতে কয়েক বন্ধু মিলে তারুণ্যের আলো সংগঠনটি প্রতিষ্ঠা করা। হাটি হাটি পা পা করে আজ সংগঠনের সদস্য সংখ্যা ৪৩ জনে দাড়িয়েছে।

তিনি বলেন, সংগঠনটি প্রতিষ্ঠার পর থেকে বিভিন্ন ধরনের সামাজিক ও মানবিক কাজ করে যাচ্ছেন। যার মধ্যে রয়েছে করোনা কালিন সময়ে অসহায় মানুষের ত্রান বিতরণ, পথশিশু ও দুস্থদের মাঝে বস্ত্র বিতরন। সামনের দিনে এ ধারাবাহিকতা অব্যহত থাকবে বলে জানালেন হৃদয়।

এ বছর সংগঠনটি ২২২টি পরিবারের হাতে তুলে দিবেন ঈদ উপহার। যার মধ্যে থাকছে চাল, ডাল, তৈল, আলু, পেয়াজ, গুড়ো দুধ, সেমাই, চিনি, নুডুলস।

এ ছাড়া পথশিশুদের মাঝে বিতরণ করবেন নতুন বস্ত্র। সংগঠনটি মূলত মানুষের জন্য কিছু করার মানুষিকতা নিয়ে চলতে শুরু করেছে। যতদিন সম্ভব মানুষের যে কোন আপোদকালীন সময়ে তাদের পাশে থাকার দৃঢ প্রতিজ্ঞ তারা।

দামুড়হুদায় সদর ইউনিয়ন আ.লীগের আয়োজনে দোয়া ও ইফতার মাহফিল অনুষ্ঠিত

দামুড়হুদায় সদর ইউনিয়ন আওয়ামী লীগের আয়োজনে দোয়া ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামী লীগের আয়োজনে দামুড়হুদা গালস্ স্কুল এন্ড কলেজ চত্বরে দোয়া ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়।

দোয়া ও ইফতার মাহফিল এর পূর্বে সদর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি শহিদুল ইসলাম এর সভাপতিত্বে সংক্ষিপ্ত আলোচনায় সভায় প্রধান অতিথি হিসেবে চুয়াডাঙ্গা -২ আসনের মাননীয় সংসদ সদস্য হাজী আলী আজগার টগর এমপি উপস্থিত থেকে বক্তব্য রাখেন।

এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান, পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আলী মুনছুর বাবু,দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সভাপতি মাহাফুজুর রহমান মঞ্জু, সাবেক উপজেলা আওয়ামী লীগের সভাপতি সিরাজুল আলম ঝন্টু, সাধারণ সম্পাদক শহিদুল ইসলাম।

এসময় উপস্থিত ছিলেন, দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামী লীগের সহ-সভাপতি, ইউপি চেয়ারম্যান হয়রত আলী, সাধারণ সম্পাদক শফিউল কবীর ইউসুফ,হাউলি ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি আলী আহমেদ সোনা ,সাধারণ সম্পাদক আবু সাঈদ খোকন, কার্পাসডাঙ্গা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক নজির আহম্মেদ,নতিপোতা ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি আবু জাফর, সাধারণ সম্পাদক মমিন মাষ্টার,কুড়ালগাছি ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি হরিবুল্লাহ বাহার, সাধারণ সম্পাদক সরোয়ার হোসেন, দামুড়হুদা উপজেলা শ্রমিক লীগের সভাপতি হাজী আব্দুল কাদির, জুড়ানপুর ইউপি চেয়ারম্যান সোহরাব হোসেন, কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান আব্দুল করিম, কুড়ালগাছি ইউপি চেয়ারম্যান কামাল উদ্দিন, নাটুদহ ইউপি চেয়ারম্যান শফিকুল ইসলাম শফি,নতিপোতা ইউপি চেয়ারম্যান ইয়ামিন আলী, হাউলি ইউপি ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম

উদ্দিন, আওয়ামী অন্যতম নেতা সেলিম উদ্দিন বগা, সিরাজুল ইসলাম সহ সকল ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায় আওয়ামী লীগের নেতৃবৃন্দ সহ সহযোগী সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে কাঁটাতারের বেড়ায় দুইমাস ধরে অবরুদ্ধ চার পরিবার

বিচার বিভাগের নির্দেশে পুলিশ প্রশাসনও আইন সহায়তা দিচ্ছেনা। বিচার না পেয়ে আপনাদের কাছে এসেছি। দোহায় আপনাদের, কাঁটাতারের বেড়া দিয়ে বন্ধ করে দেয়া আমাদের বাড়ির যাতায়াতের পথ উন্মুক্ত করার পথ দেখান।

মেহেরপুর জেলা প্রেস ক্লাবে এসে সংবাদ সম্মেলন করে এমন মিনতি করেন ষাটোর্দ্ধ রাশেদা খাতুন। তিনি কেঁদে কেঁদে বলেন, আমাদের চারটি পরিবারের ২৫জন সদস্যর রাস্তায় বের হওয়া পথ প্রভাবশালী বাবুল হোসেন ও শাহাবদ্দিন কাঁটাতারের বেড়া দিয়ে ঘিরে দিয়েছে গত ২৫ ফেব্রুয়ারি । এবং বাড়ি থেকে বের হওয়ার পথ তাদের ব্যক্তি মালিকানা বলে দাবি করছেন।

এর আগেও বাঁশের বেড়া দিয়ে ঘিরে দিয়েছিলো। সেসময় গ্রামের মাতবররা তাদের বেড়া উচ্ছেদ করে দখল মুক্ত করে দেয়। গত বুধবার মেহেরপুর জেলা প্রেস ক্লাবে সংবাদ সম্মেলন করেন রাশেদা খাতুনসহ অবরুদ্ধ চার পরিবারের আশরাফুল ইসলাম, আবু খায়ের ও নিয়াকত আলী।

চারজনই নাড়ি ও রক্তের সম্পর্কের আত্মীয়। অবরুদ্ধ চারটি পরিবার মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নের মনোহরপুর গ্রামের বাসিন্দা।

সংবাদ সম্মেলনে আশরাফুল ইসলাম বলেন- বাড়ি থেকে বের হবার পথ বন্ধ করে দেয়াতে জমির উৎপাদিত প্রায় চার লাখ টাকার তামাকসহ অন্যান্য ফসল ঘরে তুলতে পারিনি। নিকটবর্তী লোকজনের বাড়িতে রেখে দিয়েছি। হালের গবাদিপশু দুইমাস বাড়ির বাইরে বের করতে না পেরে ঘরবন্দি হয়ে আছে।

পরেই তাদের নামে আদালতে অভিযোগ করা হয়েছে জবর দখলের।

মেহেরপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শাহ দারা জানান-আদালতে মামলা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত কোন স্থায়ী অস্থায়ী স্থাপনা নির্মান না করা এবং শান্তি শৃঙ্খলা বজায় রাখার জন্য দু‘পক্ষকে নির্দেশনা দেয়া হয়। পরবর্তীতে চলাচলের পথ বন্ধ করে দেয়ার বিষয়ে কেউ অভিযোগ করেনি। অভিযোগ করলে ব্যবস্তা নেয়া হবে।

গাংনীতে মৎস্যজীবি সমিতির সভাপতি কামালকে কুপিয়ে আহত

গাংনীর সিন্দুরকৌটা গ্রামের বহুল আলোচিত সেই কামাল হোসেনকে
(৪০) এবার হামলা চালিয়ে মারাত্বক আহত করেছে প্রতিপক্ষরা। আহত কামাল হোসেন গাংনী উপজেলার সিন্দুর কৌটা গ্রামের লুৎফর রহমানের ছেলে। সে মাথাভাঙ্গা নদী মৎস্যজীবি সমবায় সমিতি লি: এর সভাপতি।

বৃহস্পতিবার বেলা সাড়ে ১১ টার দিকে একটি দোকানে বসে থাকা অবস্থায় প্রতিপক্ষরা তাকে ধারাল অস্ত্র দিয়ে কুপিয়ে আহত করে পালিয়ে যায়। এঘটনায় ৭ জনকে আসামী করে একটি লিখিত অভিযোগ করেছে গাংনী থানায়।

একই গ্রামের ইউসুব আলী, ইব্রাহিম হোসেন, রতন আলী, শুকুর আলী, রুবেল হোসেন ও দাখিল হোসেন এ হামলা চালান বলে অভিযোগ করেন তিনি।

আহত কামাল হোসেন জানান, মাথাভাঙ্গা নদীতে মাছ চাষকে কেন্দ্র করে দীর্ঘদিন যাবৎ একটি পক্ষের সাথে আমার গ্যানজাম চলে আসছে। বেলা সাড়ে ১১ টার দিকে স্থানীয় একটি দোকানে বসে ছিলাম আমি।

তারা পূর্ব পরিকল্পিকভাবে জোট বেঁধে এসে আমাকে দেশীয় তৈরী ধারাল অস্ত্র দিয়ে মারধর করে। এঘটনায় ওই সাত জনকে আসামী করে গাংনী থানায় একটি লিখিত অভিযোগ দিয়েছি।

তবে, নাম প্রকাশ না করার শর্তে স্থানীয়রা জানান, নদীর মাছ চাষকে

কেন্দ্র করে প্রতিপক্ষকে ঘায়েল করতে কামাল হোসেন ওই সব হামলাকারীদের পুষতেন।

সাম্প্রতিক সময়ে মৎস্যজীবি সমবায় সমিতির সদস্য নিয়ে কামাল হোসেনের সাথে হামলাকারীদের শত্রুতা সৃষ্টি হয়। এ শত্রুতার রেশ ধরেই কামাল হোসেনের উপর হামলা চালিয়েছে তার পোষা এসব লোকজন।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগে কর্মরত উপসহকারী কমিউনিট মেডিকেল অফিসার সোহাগ হোসেন জানান, আহত ব্যাক্তির মাথায় আঘাত হওয়ায় বেশ কয়েকটি সেলাই দেওয়া হয়েছে। তবে সে এখন আশংকামুক্ত। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি রেখে চিকিৎসা সবা চলছে।

রমেশ ক্লিনিকের অ্যাম্বুলেন্সের ধাক্কায় পথচারী মারাত্বক আহত

মেহেরপুরের রমেশ ক্লিনিকের অ্যাম্বুলেন্সের ধাক্কায় মারাত্বক আহত হয়েছেন গাংনীর বাঁশবাড়িয়া গ্রামের আশরাফুল ইসলাম (৪৫) নামের এক ব্যাক্তি। আহত আশরাফুল ইসলাম বাঁশবাড়িয়া গ্রামের আব্দুল লতিফের ছেলে।

বৃহস্পতিবার বিকালের দিকে মেহেরপুর-কুষ্টিয়া সড়কের গাংনী উপজেলা শহরের প্রেসক্লাবের সামনে এ দূর্ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শিরা জানান, আশরাফুল ইসলাম শহরের দিকে বাইসাইকেল যোগে যাচ্ছিলেন। এসময় মেহেরপুর রমেশ ক্লিনিকের একটি অ্যাম্বুলেন্সের ধাক্কায় রাস্তার উপর ছিটকে পড়ে আশরাফুল। স্থানীয়রা তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগে কর্মরত উপসহকারী কমিউনিট মেডিকেল অফিসার সোহাগ হোসেন জানান, আহত

আশরাফুল ইসলামের কোমরে এবং শরীরের বিভিন্ন স্থানে মারাত্বক আহত হয়েছে। বর্তমানে তিনি চিকিৎসাধীন রয়েছে।

গাংনীতে এক গৃহবধুর আত্মহত্যার চেষ্টা

স্বামী স্ত্রীর মধ্যে কথা কাটাটির জের ধরে রোজিনা খাতুন (১৭) নামের এক গৃহবধু ঘুমের বড়ি খেয়ে আত্মহত্যার চেষ্টা চালিয়েছে। রোজিনা খাতুন গাংনী উপজেলা আযান গ্রামের পুকুরপাড়া এলাকার মিঠু ইসলামের স্ত্রী।

রোজিনা গত বুধবার দিবাগত রাতের কোনো এক সময় নিজ ঘরে ৫ টি ঘুমের বড়ি খেয়ে ঘুমিয়ে যায়। বৃহস্পতিবার সকালের দিকে তাকে ডেকে ডেকে ঘুম ভাঙ্গাতে না পেরে অবশেষে তাকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসেন পরিবারের লোকজন।

রোজিনার শশুর ওয়াছদ্দিন জানান, আমার শারীরিক অসুস্থ্যতার জন্য ডাক্তার আমাকে ঘুমের বড়ি দেন। আমার জন্য ঘরে থাকা ঘুমের বড়ি খেয়েই সে আত্মহত্যার চেষ্টা চালান।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগে কর্মরত উপসহকারী কমিউনিট মেডিকেল অফিসার সোহাগ হোসেন জানান, বর্তমানে সে সুস্থ্য রয়েছে।